


চিকুনগুনিয়া বুলেটিন

সংখ্যা ২৬ তারিখঃ ২৮ জুলাই ২০১৭ শুক্রবার

সর্বশেষ পরিস্থিতি

- গত ৯ এপ্রিল হতে ২৬ জুলাই ২০১৭ পর্যন্ত চিকুনগুনিয়া সনাক্তের জন্য আইইডিসিআর-এ প্রাপ্ত রক্তের নমুনা পরীক্ষায় নিশ্চিত চিকুনগুনিয়ায় আক্রান্তের সংখ্যা ৮৩৬ জন।



- আইইডিসিআর হটলাইনে ঢাকা সহ সারা দেশ থেকে গত ৬ জুলাই থেকে ২৮ জুলাই বিকেল ৫টা পর্যন্ত সর্বমোট ফোনকল এসেছে ২,৬৮৯টি। এর মধ্যে মোট সম্ভাব্য নতুন ও পুরোনো রোগী ২,১২০ জন। সম্ভাব্য নতুন রোগী ৯২৬ জন ও পুরোনো রোগী ১,১৯৪ জন। অবশিষ্ট ৫৬৯ জন ফোনকলকারীগণ চিকুনগুনিয়া সম্পর্কিত বিভিন্ন তথ্য জানতে চেয়েছেন।

আগামীকাল আইইডিসিআর এ বিশেষজ্ঞদের সভা

চিকুনগুনিয়া রোগ বা রোগ পরবর্তী অস্থিসন্ধিতে ব্যথা (Joint pain) আর্থ্রালজিয়া (arthralgia) নামে পরিচিত। চিকুনগুনিয়ায় আক্রান্ত অনেক রোগীর এ ধরণের ব্যথা/ উপসর্গ দেখা দিতে পারে। চিকুনগুনিয়া রোগের নামকরণও মূলত এ ব্যথার উপর ভিত্তি করেই হয়েছে। চিকুনগুনিয়া রোগের ব্যথা উপশমে ফিজিওথেরাপির প্রয়োজনীয়তা নিয়ে আলোচনার জন্য বিশেষজ্ঞদের এক সভা আগামীকাল আইইডিসিআর-এর সভাকক্ষে আয়োজন করা হয়েছে। সভায় এ বিষয়ে দেশের খ্যাতনামা বিশেষজ্ঞগণ উপস্থিত থাকবেন। সভার সিদ্ধান্তের ভিত্তিতে এ বিষয়ে পরবর্তী করণীয় নির্ধারণ করা হবে।

বিশেষজ্ঞের পরামর্শ ছাড়া চিকুনগুনিয়া রোগের জন্য ব্যথার চিকিৎসা গ্রহণ করবেন না

চিকুনগুনিয়া রোগীদের পরবর্তী স্বাস্থ্য সেবা



আইইডিসিআর এ অদ্যাবধি যে সকল রোগী চিকুনগুনিয়া সনাক্তের জন্য তাঁদের রক্ত পরীক্ষা করতে আসেন, তাদের মধ্যে থেকে যারা আরটি পিসিআর (RT-PCR) পরীক্ষায় চিকুনগুনিয়া আক্রান্ত হিসাবে চিহ্নিত হন আজ থেকে তাদের একটি ফলোআপ কার্যক্রম শুরু করা হয়েছে। আইইডিসিআর-এর এফইটিপিবি ফেলোগণ তাঁদের সাথে যোগাযোগ করে রোগীদের সুবিধা অনুযায়ী আইইডিসিআর এ আসার অনুরোধ জানান। এ আমন্ত্রণে সাড়া দিয়ে আজ সকাল থেকে আইইডিসিআর-এ ঐ সকল রোগীদের অনেকেই আসেন। তাঁদের কাছ থেকে শারিরিক অবস্থার তথ্য ও নমুনা সংগ্রহ করা হয়। স্বাস্থ্য অধিদপ্তরের মহা-পরিচালক প্রফেসর আবুল কালাম আজাদ এ কার্যক্রম পরিদর্শন করেন এবং প্রয়োজনীয় নির্দেশনা দেন। কার্যক্রমটি সকাল ৮ঃ০০ টা থেকে বিকাল ৫ঃ০০ টা অবধি চলে। আজ সর্বমোট ১৩০ জন অংশগ্রহণ করেন। এ কার্যক্রমটি আগামীকালও চলবে। তবে একই সাথে আইইডিসিআর-এ চিকুনগুনিয়া রোগীদের জন্য চলমান অন্যান্য কার্যক্রম অব্যাহত থাকবে।

স্বাস্থ্য অধিদপ্তরের হটলাইন ১৬২৬৩ নম্বরে স্বাস্থ্য বাতায়নে চিকুনগুনিয়া বিষয়ে ২৪ ঘন্টা তথ্য পাবেন।

চিকুনগুনিয়া সম্বন্ধে বিস্তারিত জানতে এই ওয়েবসাইট ভিজিট করুন- www.iedcr.gov.bd অথবা হটলাইনঃ ০১৯৩৭১১০০১১, ০১৯৩৭০০০০১১ ফোন করুন